

ବାଂଗାଦେଶ



ଗେଜେଟ୍

ଆର୍ତ୍ତିରଣ ମନ୍ତ୍ରୀ

କର୍ତ୍ତାଙ୍କ କର୍ତ୍ତକ ପ୍ରକାଶିତ

ବ୍ୟଧିବାର, ମେ ୨, ୧୯୯୦

୪୫ ଅନ୍ତଃ—ବେସରକାରୀ ବ୍ୟକ୍ତି ଏବଂ କରପୋରେସନ କର୍ତ୍ତକ ଅର୍ଥର ବିନିମୟେ ଜାରୀକର୍ତ୍ତ
ବିଭାଗନ ଓ ନୋଟିଶ୍‌ସମ୍ବହ ।

ମନ୍ୟ ଗବେଷଣା ଇନ୍‌ସିଟିଟ୍‌ଟୁଟ
ମନ୍ୟମନ୍ୟାନ୍ତରେ

ପ୍ରଜାପନ

ଢାକା ୧୬ଇ ପୌର୍, ୧୩୯୬/୩୦ଥେ ଡିଲେମ୍ବର, ୧୯୯୦

ନେ ଏସ, ଆର, ଓ ୪୩୫-ଆଇନ/୮୯—Fisheries Research Institute Ordinance, 1984
(XLV of 1984) ଏର section 19 ଏ ପ୍ରଦତ୍ତ କମିତାବଳେ Fisheries Research Institute ଏର
Board of Governors, ସରକାରେର ପ୍ରକାର ଅନୁମାତକରିବାରେ, ନିମ୍ନରୂପ ପ୍ରବିଧାନମାଲା ପ୍ରଗମନ କରିଲେନ,
ଯଥା—

ମନ୍ୟ ଗବେଷଣା ଇନ୍‌ସିଟିଟ୍‌ଟୁଟ ଏର କର୍ମଚାରୀ ଚାକୁରୀ ପ୍ରବିଧାନମାଲା, ୧୯୮୯ ।

ପ୍ରଥମ ଅଧ୍ୟାଯୀ

ମୁଚ୍ଚଳା

୧। ମର୍ମିକଂତ ଶିରନାମା ଓ ପ୍ରୋଗ୍ରାମ—(୧) ଏହି ପ୍ରବିଧାନମାଲା ମନ୍ୟ ଗବେଷଣା ଇନ୍‌ସିଟିଟ୍‌ଟୁଟ ଏର
କର୍ମଚାରୀ ଚାକୁରୀ ପ୍ରବିଧାନମାଲା, ୧୯୮୯ ନାମେ ଅର୍ଭାହିତ ହିଁବେ ।

(୨) ଏହି ପ୍ରବିଧାନମାଲା ମନ୍ୟ ଗବେଷଣା ଇନ୍‌ସିଟିଟ୍‌ଟୁଟ ଏର ସକଳ ସାର୍କଣ୍ଠିକ କର୍ମଚାରୀର ପ୍ରତି
ପ୍ରୋଜ୍ୟ ହିଁବେ । ତବେ ଚାକ୍ତି ଭିନ୍ନିତେ ନିଯୋଜିତ କର୍ମଚାରୀଗଣେର କ୍ଷେତ୍ରେ, ଏହି ପ୍ରବିଧାନମାଲାର
ବିଧାନବଳୀର କୋନ କିଛି ପ୍ରୋଜ୍ୟ ବିଲଙ୍ଗ ତାହାଦେର ଚାକ୍ତିତେ ସପଞ୍ଚଭାବେ ଉଚ୍ଚିତ ନା ଥାକେଲେ
ଟଙ୍କ ବିଧାନବଳୀ ପ୍ରୋଜ୍ୟ ହିଁବେ ନା ।

(୩୭୨୭)

ମୂଲ୍ୟ ୧ ଟାକା ୨୦

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না ধাকিলে, এই প্রতিধানমালার,—

- (ক) “অসদাচারণ” বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিম্নমের হানিকর, অথবা কোন কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন, আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহ ও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথাঃ—।
- (১) উর্ধ্বতন কর্মকর্তার আইন সংগত আদেশ অমান্যকরণ ;
- (২) কর্তব্যে অবহেলা ;
- (৩) কোন আইনসংগত কারণ ব্যাতিরেকে ইনসিটিউটের কোন আদেশ, পরিপন্থ অথবা নির্দেশের প্রতি অবজ্ঞ প্রদর্শন ; এবং
- (৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরাজিকর, মিথ্যা বা অন্যায় অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশবরণ।
- (খ) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে এই প্রতিধানমালার অধীন কোন নির্দিষ্ট কার্য নিপেত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে ;
- (গ) “কর্তৃপক্ষ” বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্তৃপক্ষ ও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (ঘ) “কর্মকর্তা” বলিতে ইনসিটিউট এর কোন কর্মকর্তাকে বুঝাইবে ;
- (ঙ) “কর্মচারী” বলিতে ইনসিটিউট এর স্থায়ী বা অস্থায়ী যে কোন কর্মচারীকে বুঝাইবে, এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;
- (চ) “তফসিল” বলিতে এই প্রতিধানমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে ;
- (ছ) “ডিগ্রী” বা “ডিপ্লোমা” বা “সার্টিফিকেট” বলিতে ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনসিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত ঘোষাত্ত্ব নিশ্চেষক সার্টিফিকেটকে বুঝাইবে ;
- (জ্ঞ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে ইনসিটিউটকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য ইনসিটিউট কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন।
- (ঝ) “পদ” বলিতে তফসিলে উল্লেখিত কোন পদকে বুঝাইবে ;
- (ঝঞ্চ) “পলায়ন” বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্মসূল ত্যাগ করা, অথবা ঘাট দিন বা তদ্ব্যৰ সময় ব্যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ঘাট দিন বা তদ্ব্যৰ সময় প্রাপ্ত গ্রহণ ব্যাতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ এবং ত্রিশ দিন বা তদ্ব্যৰ সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতি-সহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ঘাট দিন বা তদ্ব্যৰ সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে ;
- (ঝঠ) “প্রয়োজনীয় ঘোষাত্ত্ব” বলিতে কোন পদের বিপরীতে উল্লিখিত ঘোষাত্ত্বকে বুঝাইবে ;
- (ঝঠ) “বাছাই কর্মিটি” বলিতে প্রতিধান ৪ এর অধীন গঠিত কোন বাছাই কর্মিটিকে বুঝাইবে ;

- (ড) "বোর্ড" বলিতে Fisheries Research Institute Ordinance, 1984 (XLV of 1984) এর অধীন প্রতিষ্ঠিত Board of Governors কে বুঝাইবে;
- (ঢ) "স্বীকৃত ইনসিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বলিতে এই প্রিবিধানমালার উদ্দেশ্য প্রণয়কল্পে, ইনসিটিউট কর্তৃক স্বীকৃত কোন ইনসিটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
- (ণ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের ম্বাবা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই প্রিবিধানমালার উদ্দেশ্য প্রণয়কল্পে, ইনসিটিউট কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।
- (ঙ) "স্বীকৃত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের ম্বাবা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডকে বুঝাইবে এবং এই প্রিবিধানমালার উদ্দেশ্য প্রণয়কল্পে, ইনসিটিউট কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

শ্রেণীর অধ্যায়

নিয়োগ

৩। নিয়োগ পদ্ধতি— (১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন পদের জন্য কোন বাস্তব পর্যোজনীয় ঘোষাতা না থাকলে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উর পাদ্বর জন্য তফসিলে নির্ধারিত বয়সীমার মধ্যে না হইলে, তাহাকে উক্ত পদে নিয়োগ করা হইবে না:

তবে শর্ত থাকে যে সরকারের নির্দেশ অনুসারে কোন বিশেষ শ্রেণীর প্রাথমিকগণের ক্ষেত্রে উক্ত বয়স সীমা শিথিলযোগ্য হইবে।

৪। বাছাই কর্মিটি— কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে ইনসিটিউট এক বা একাধিক বাছাই কর্মিটি নিয়োগ করিবে।

৫। সরাসরি নিয়োগ— (১) ক্লান বাস্তব কোন পদে সরাসরিভাবে নিয়োগ নাত্তের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইবাপ কোন বাস্তবকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবন্ধ হইয়া থাকেন।

(২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত বাস্তিকে ইনিষ্টিউট কর্তৃক এতদৃশ্যে নিয়ন্ত্রিত চিকিৎসা পরিষদ বা চিকিৎসা কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপযুক্ত বিলিয়া প্রত্যায়ন করেন;
- (খ) এইরূপ নির্বাচিত বাস্তিকে প্র্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যাই যে, ইনিষ্টিউটের চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদ উক্ত বিভাগের মাধ্যমে দরখাস্ত আহবান করিয়া প্রণ করা হইবে এবং এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদৃশ্যে ইনিষ্টিউট কর্তৃক নিয়ন্ত্রিত বাছাই কর্মিটির সূপরিশের ভিত্তিতে নিয়োগদান করা হইবে।

৬। শিক্ষান্বিসি।— (১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত বাস্তিগণ ছয় মাসের জন্য শিক্ষান্বিসি থাকিবে।

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনুর্ধ্ব ছয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষান্বিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং ইনিষ্টিউট কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাস করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিয়া থাকেন।

৭। পদোন্তর মাধ্যমে নিয়োগ।— (১) প্রতিখান ১৪ এর বিধান সাপেক্ষে, কোন পদে পদোন্তর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কর্মিটি কর্তৃক এতদৃশ্যে বাছাইকৃত প্রাথমিকের তালিকা বিবেচনাক্রমে নিয়োগদান করিবে।

(২) কোন ব্যক্তিকে চাকরীর ব্যন্ত্রিত (সার্টিস রেকর্ড) সন্তোষজনক না হইলে, তিনি পদোন্তর জন্য বিবেচিত হইবেন না।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৮। যোগদানের সময়।— (১) এক চাকুরীসহল হইতে অন্য চাকুরীসহলে বদলীর ক্ষেত্রে, একই পদে বা কোন নতুন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা—

- (ক) প্রদৃষ্টির জন্য ছয় দিন, এবং
- (খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পম্বায় ভ্রমণে প্রক্রিয়াকে আন্তবাহিত সময়।
তবে শর্ত থাকে যে, এই উপ-প্রতিখান অন্যায়ী যোগদানের সময় গণনাক্রমে উক্ত পদে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-প্রিবিধান (১) এ বাহা কিছুই ধারক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীকৃত কর্মচারীকে তাহার ন্তৃত্ব কর্মসূলে যোগদানের উল্লেখ্যে বাসমহান পরিবর্তন করিতে হয় না সেক্ষেত্রে ন্তৃত্ব কর্মসূলে যোগদানের জন্য এক দিনের বেশী সময় দেওয়া ইইবে না এবং এই উপ-প্রিবিধানের উল্লেখ্য প্রৱণকলেপ সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ উপ-প্রিবিধান (১) ও (২) এর অধীন প্রাপ্ত যোগদানের সময় হ্রাস বা ব্র্যাক করিতে পারিবে।

(৪) কোন কর্মচারী এক চাকরীসহল হইতে অন্তর্ব বদলী হইলে, অথবা চাকরীসহল পরিবর্তন করিতে হয় এমন কোন ন্তৃত্ব পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার প্রার্তন চাকরীসহল হইতে, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন সেই স্থান হইতে, যাহা উক্ত কর্মচারীর জন্য অধিকতর স্বিধাজনক হয়, তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকরীসহল হইতে অন্ত চাকরীসহলে, বা এক পদ হইতে অন্ত পদে যোগদানের অন্তর্ভুক্তীকালীন সময়ে, মেডিকাল সাটিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে, তাহার দায়িত্বার হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত হয় তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মসূল হইতে অন্ত কর্মসূল বদলীর বাপারে কোন বিশেষ ক্ষেত্রে এই প্রিবিধানের বিধানবদলী অপর্যাপ্ত পতীয়মান হইলে সেই ক্ষেত্রে সরকারী কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধি বা আদেশ, প্রযোজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

৯। বেতন ও ভাতা— সরকার বিভিন্ন সময়ে যেব্লক নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেব্লক হইবে।

১০। প্রারম্ভিক বেতন।— (১) কোন পদে কোন কর্মচারীকে পথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্ষেত্রে সর্বনিম্ন স্তরই হইবে তাহার প্রারম্ভিক বেতন।

ক্রমিক

(২) কোন বার্জিক ভাতার বিশেষ প্রয়োব স্বীকৃতিস্বরূপ সার্কিলার্ট বাছাই কর্ম স্পারিশের ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন পদান করা যাইতে পারে।

নির্দেশ

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংবলাগের উল্লেখ্য সময় সহয বে নির্দেশবদলী জারী করে তদন্ত্বারে ইন্ষিটিউটের কর্মচারীদের বেতন সংবলণ করা যাইতে পারে।

১১। পদোন্তিব ক্ষেত্রে বেতন।— কোন কর্মচারীকে পদোন্তিব পদান করা হইল সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্ষেত্র সবৰ্ব নিম্নস্তরে ক্ষেত্রে, কোন নির্ধারিত তটীয় তবে উক্ত সর্বনিম্ন স্তরে আপেক্ষা তাহার প্রার্তন পদ পাপন গাল বেতন উল্লেখ তটীয় উল্লেখের পদের জন্য নির্ধারিত বেতনক্ষেত্রে যে সকলীয় ক্ষেত্রে প্রার্তন পদের মূল বেতনের অবাবিহত উপরের স্তর হয় সেই স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১২। বেতন বর্ধন।— (১) বেতন বর্ধন স্থান স্থান রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত হারে প্রতেক কর্মচারীর বেতন বৃধি হইবে।

(২) বেতন বর্ধন স্থান স্থান রাখা হইলে, উচ্চা যে মেয়াদ পর্যন্ত স্থান স্থান রাখা হয়, স্থান কর্মচারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আদেশে, সে মেয়াদ উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সংঘাজনকভাবে শিক্ষানবিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য কর্তৃপক্ষ কোন কর্মচারীকে একসংগে অনধিক দাইটি বিশেষ বেতন বর্ধন মজুর করিতে পারিবেন।

(৫) যেক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা সীমা নির্ধারিত রহিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপব্রহ্ম কর্তৃপক্ষের সুনির্দিষ্ট মজুরী ব্যাতীত তাহার দক্ষতাসীমার অবাবহিত উপরের বেতন বর্ধন অন্যোদন করা যাইবে না, এইরূপ মজুরীর ক্ষেত্রে এই মর্মে প্রতিবেদনকারী কর্মকর্তার সুপ্রারিশ থাকিতে হইবে, যে সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম দক্ষতাসীমা অতিক্রম করার জন্য উপব্রহ্ম ছিল।

১৩। জোট্টতা।— (১) এই প্রিবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জোট্টতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কর্মিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকাভিত্তিক সুপ্রারিশ অন্যান্যের উপর কর্মচারীদের পারস্পরিক জোট্টতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্তিপ্রাপ্ত বাস্তিগণের মধ্যে পদোন্তিপ্রাপ্ত বাস্তিগণ জোট্ট হইবেন।

(৪) একাধিক বাস্তিকে একই সময়ে পদোন্তিপ্রাপ্ত দেওয়া হইলে, যে পদ হইতে পদোন্তিপ্রাপ্ত দেওয়া হইয়াছে সেই পদে তাহাদের পারস্পরিক জোট্টতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জোট্টতা স্থির করা হইবে।

(৫) ইন্ডিপিউট ইহার কর্মচারীদের গ্রেড-ওয়ারী জোট্টতা তালিকা রক্ষণাবেক্ষণ করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) The Government Servants (Seniority of Freedom Fighters) Rules, 1979 এবং বিধানসম্মত, উভাতে প্রয়োজনীয় অভিযোজনসহ, ইন্ডিপিউটের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৪। পদোন্তিত।— (১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে প্রয়ত্নী উচ্চতর পদে পদোন্তিত জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জোট্টতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্তিতির দাবী করিতে পারিবেন না।

(৩) কোন কর্মচারীর চাকুরীর ব্যবহৃত সম্ভেদজনক না হইলে, তিনি পদোন্তিতির মাধ্যমে কোন পদে নিয়োগান্তের যোগ্য বলিয়া বিবোচিত হইবেন না।

(৪) টাকা ৩৭০০—৪৮২৫ ও তদ্বৰ্ধ বেতনক্রমের পদসম্মতে পদোন্তিতি মেধা তথা জোট্টতাম ভিত্তিতে হইবে।

(৫) কোন কর্মচারীকে, বাস্তিকালীন ক্ষেত্র হিসাবে, তাহার অসাধারণ ক্ষতিতে কর্তৃব্যানিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে, পালা অতিক্রম করতঃ পদোন্তিতি দেওয়া যাইতে পারে।

১৫। প্রেষণ ও পূর্বস্থল।—(১) উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে ইনিষ্টিউট যদি মনে করে যে, উহার কোন কর্মচারীর পারদশীভীত বা তৎকর্তৃক গাহীত বিশেষ প্রশংসন অন্য কোন সংস্থা, অতঙ্গের হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে ইনিষ্টিউট এবং হাওলাত গ্রহণকারী সংস্থার পরম্পরের মধ্যে সম্মত মেয়াদ ও শর্তাবলীনে উক্ত সংস্থার কোন পদে প্রেষণ কর্মরত থাকিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে :

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীকে তাহার সম্মতি ব্যতিরেকে প্রেষণে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা ইনিষ্টিউটের কোন কর্মচারীর চাকুরীর আবশ্যিকতা রাখিয়াছে বলিয়া বোধ করিলে উক্ত সংস্থা ইনিষ্টিউটকে বিষয়টি অবহিত করিবে এবং ইনিষ্টিউট উক্ত কর্মচারীর সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রবিধান (২) তে যাহা কিছুই থাকুক না কেন, প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা :—

(ক) প্রেষণের সময়কাল, বাতিক্রমী ক্ষেত্র ছাড়া, তিনি বৎসরের অধিক হইবে না।

(খ) ইনিষ্টিউট এর চাকুরীতে উক্ত কর্মচারীর পূর্বস্থল থাকিবে এবং প্রেষণের মেয়াদক্ষেত্রে অথবা উক্ত মেয়াদের পূর্বে, ইহার অবসান ঘটিলে, তিনি ইনিষ্টিউট এ প্রত্যাবর্তন করিবেন।

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা তাহার ভবিষ্য তহবিল ও পেনশন, যদি থাকে, ব্যবস্থা প্রাপ্ত অর্থ পরিশোধের নিষ্ঠতা বিধান করিবে।

(৪) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, তিনি ইনিষ্টিউটে পদোন্নতির জন্য বিবেচনাবোগ্য হইলে তাহার পদোন্নতির বিষয়টি অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে ইনিষ্টিউটে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে ইনিষ্টিউট তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথা সময়ে ফেরত না আসেন, তাহা হইলে উপ-প্রবিধান (৬) এর বিধান সাপেক্ষে, পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যোত্ততা উক্ত পদে তাহার প্রকৃত যোগাদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার স্বার্থে প্রেষণে থাকিবার অন্মতি দেওয়া হয়, তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে, এবং এইরূপ ক্ষেত্রে, কোন আর্থিক সুবিধা ছাড়াই Next below rule অন্যান্য পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যোত্ততা রক্ষা করা হইবে, তবে এইরূপ পদোন্নতি প্রাপ্ত কর্মচারী হাওলাত গ্রহণকারী সংস্থার প্রেষণে থাকাকালে পদোন্নতি জনিত কোন আর্থিক সুবিধা পাইবেন কি না তাহা ইনিষ্টিউট ও উক্ত সংস্থার পরম্পরের সম্মতিক্রমে স্থিরীকৃত হইবে।

(৭) শ্রেণীমূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বিবরন্ধে শ্রেণীমূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শ্রেণীমূলক কার্যক্রম সূচনা করা হইয়াছে তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা ইনিষ্টিউটকে অবিজ্ঞে অবহিত করিবে।

(৪) প্রেরণে কর্মরত কোন কর্মচারীর বিরুদ্ধে সংচিত শ্রেণিলাভক কার্যধারার প্রাণ্ড তথের ভিত্তিতে হাওলাত শ্রেণিকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ ইন্সিটিউটের নিকট প্রেরণ করিবে এবং অতঃপর ইন্সিটিউট যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৬। বিভিন্ন প্রকারের ছুটি।— (১) কর্মচারীগণ নিম্নবর্ণিত যে কোন ধরণের ছুটি পাইবেন, যথাঃ—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিলা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগ্রোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (জ) নৈমিত্তিক ছুটি।

(২) উপর্যুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যান্য ছুটি মঞ্জুর করিতে পারে এবং ইহা সাধারণ বন্ধের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) বোর্ডের পূর্ব অনুমোদন লইয়া উপর্যুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারে।

১৭। পূর্ণ বেতনে ছুটি।— (১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১৫ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্ত এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবে একটি প্রথক খাতে জমা দেখানো হইবে; ডাঙ্কারী সাটোফিকেট উপস্থাপন সাপেক্ষে, অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন, বা অবকাশ ও চিত্ত বিনোদনের জন্য, উক্ত জমাকৃত ছুটি হইতে পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

১৮। অর্ধ বেতনে ছুটি।— (১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১২ হারে অর্ধ বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ জমা হওয়ার কোন সুযোগ থাকিবে না।

(২) ডাক্তারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে অধ' বেতনে দ্বাই দিনের ছুটির পরিবর্তে একদিনের পূর্ণ বেতনে ছুটির হারে অধ' বেতনে ছুটিকে পূর্ণ বেতনে ছুটিতে রূপান্তরিত করা ঘাইতে পারে এবং এইরূপ রূপান্তরিত ছুটির সর্বোচ্চ পরিমাণ হইবে গড়বেতনে বার মাস।

১৯। প্রাপ্যাতিবিহীন ছুটি।— (১) ডাক্তারী সার্টিফিকেট স্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত এবং অন্য কোন কারণে হইলে, তিনি মাস পর্যন্ত অধ' বেতনে প্রাপ্যাতিবিহীন ছুটি মঞ্জুর করা ঘাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার প্রবেই প্রাপ্যাতিবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত ন্যূনত্বাবে উপ-প্রবিধান (১) এর অধীন কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

২০। বিনা বেতনে অসাধারণ ছুটি।— (১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনা বেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা ঘাইতে পারে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে তিনি মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বৰ্ধিত করা ঘাইতে পারে, যথা:—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অন্যমুক্তিপ্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি ইনজিঞিউট এ চাকুরী করিবেন, অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন, অথবা

(গ) যে ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হন যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অন্যপিস্থিতির সমরকে ত্বরাপক্ষ কার্যকরতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারেন।

২১। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।— (১) কোন কর্মচারী তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত ধার্কিবার কারণে আঘাতপ্রাপ্ত হইয়া অক্ষম হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর হয় সেই অক্ষমতা তিনি মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে বাস্তি অক্ষম হন, সেই বাস্তি উক্ত অক্ষমতার কারণ অবিলম্বে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া এতদ্দেশ্যে নিয়ন্ত্র চিকিৎসা কর্তৃপক্ষ প্রত্যয়ন করিবে সেই মেয়াদের জন্য উক্ত ছুটি মঞ্জুর করা হইবে। উক্ত চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যয়ন ব্যতিরেকে তাহা বৰ্ধিত করা হইবে না, এবং এইরূপ ছুটি কোনক্ষেই ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে ক্ষেত্রে ছুটির সংগে সংযুক্ত করা ঘাইতে পারে।

(৫) বাণি এবং ধরণের অবস্থায় পয়সত্তীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার প্রচলনাবণ্ণিত ঘটে, তাহা হইলে একাধিকবার, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গল করা যাইবে তবে এইরূপ একাধিকবারে মঙ্গলকৃত ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না, এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঙ্গল করা যাইবে।

(৬) শুধুমাত্র আনন্দগোষ্ঠীকের এবং, যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্ত হয় সে ক্ষেত্রে, অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) উপ-প্রাবিধান (৫) এর অধীনে মঙ্গলকৃত ছুটির মেরাদসহ যে কোন মেরাদের ছুটির প্রথম চারি মাসের জন্য প্রণ বেতন ; এবং

(খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেরাদের জন্য অর্ধ বেতন।

(৮) এই প্রাবিধানের অন্যান্য বিধানসভারে প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিগতিতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে দ্রুতন্বাশতঃ আবাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ক্রুক ব্যবহৃত অসুস্থিতা বা জখম বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থিতা বা জখমের দরুন অক্ষম হইয়াছেন।

২২। সংগ্রোধ ছুটি—(১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংজ্ঞামক ব্যাধি থাকার কারণে যদি আদেশ স্বারা তাহকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয় তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্য্যকর থাকে সেই সময়কাল হইবে সংগ্রোধ ছুটি।

(২) অফিস প্রধান, কোন চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটের ভিত্তিতে অন্ধ্র ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থার অন্ধ্র ৩০ দিনের জুলাই সংগ্রোধ ছুটি মঙ্গল করিতে পারিবেন।

(৩) সংগ্রোধের জন্য উপ-প্রাবিধান (২) এ উল্লিখিত মেরাদের অর্তিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রাবিধানমালার অধীন অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) সংগ্রোধ ছুটি অন্য যে কোন প্রকার ছুটির সঙ্গে সংযুক্ত করিয়াও মঙ্গল কৃতা যাইতে পারে।

(৫) সংগ্রোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অন্ধপ্রস্তুত বলিয়া গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংজ্ঞামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৩। প্রস্তুত ছুটি—(১) কোন কর্মচারীকে প্রণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রস্তুত ছুটি মঙ্গল করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রস্তুত ছুটি মঙ্গলীর অন্তর্বোধ কোন নিবারিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাপ্ত অন্য যে কোন ছুটির সুইচ একত্রে বা উহা সুস্পসারিত করিয়া মঙ্গল কর্তৃ যাইতে পারে।

(৩) ইনিষ্টিউট এ কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জাঁবনে তাহাকে দ্রুইবারের অধিক প্রস্তুতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৪। অবসর প্রস্তুতি ছুটি।— (১) কোন কর্মচারী ছয় মাস পর্যন্ত প্ৰণ বেতনে এবং আৱৰ্ত্তন ঘৰে গাস অধৰ বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন এবং এইরূপ ছুটিৰ মেয়াদ তাহার অবসর গ্ৰহণেৰ তাৰিখ অতিক্ৰম কৰাৰ পৱেৰ সম্প্ৰসাৰিত কৰা যাইতে পাৰে, কিন্তু আটাশ বৎসৰ বয়স সীমা অতিক্ৰমেৰ পৱে উহা সম্প্ৰসাৰণ কৰা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্ৰহণেৰ তাৰিখেৰ কমপক্ষে একমাস প্ৰৰ্ব্ব অবসর প্রস্তুতি ছুটিৰ জন্য আবেদন না কৰিলে তাহার পাওনা ছুটি অবসর গ্ৰহণেৰ তাৰিখেৰ পৱে তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্ৰহণেৰ তাৰিখেৰ কমপক্ষে একদিন প্ৰৰ্ব্ব অবসর প্রস্তুতি ছুটিতে যাইবেন।

২৫। অধ্যয়ন ছুটি।— (১) ইনিষ্টিউটে তাহার চাকুরীৰ জন্য সহায়ক হইতে পাৰে এইরূপ বৈজ্ঞানিক, কাৰিগৰিৰ বা অন্তৰ্গত সমস্যাদি অধ্যয়ন এবং বিশেষ উৎসুকণ কোসেৰ অংশ গ্ৰহণেৰ জন্য কোন কর্মচারীকে উপযুক্ত কৃত্ত্বপক্ষ অধৰ বেতনে অনধিক বাৰ গাস অধ্যয়ন ছুটি মঞ্জুৰ কৰিতে পাৰে, এবং এইরূপ ছুটি তাহার ছুটিৰ হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যেক্ষেত্ৰে কোন কর্মচারীকে নিৰ্দিষ্ট সময়েৰ জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুৰ কৰা হয় এবং তিনি পৱেত্তীকালে দেখিতে পান যে, মঞ্জুৰীকৃত ছুটিৰ মেয়াদ তাহার অধ্যয়ন বা প্ৰশিক্ষণ বা পৱৰ্ণিকার জন্য প্ৰয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সে ক্ষেত্ৰে সময়েৰ স্বলগ্নতা প্ৰেগকলেপে উপযুক্ত কৃত্ত্বপক্ষ অনধিক এক বৎসৰেৰ জন্য উক্ত অধ্যয়ন ছুটিৰ মেয়াদ বৰ্ধিত কৰিতে পাৰে।

(৩) প্ৰণ বেতনে বা অধৰ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধাৰণ ছুটিৰ সহিত একত্ৰে অধ্যয়ন ছুটি মঞ্জুৰ কৰা যাইতে পাৰে, তবে এইরূপ মঞ্জুৰীকৃত ছুটি কোনোভাবেই একত্ৰে মোট দ্বিতীয় বৎসৰেৰ অধিক হইবে না।

২৬। নৈমিত্তিক ছুটি।— সরকাৰ সময়ে উহাৰ কর্মচারীদেৰ জন্য প্ৰতি পঞ্জিকা বৎসৰে মোট যতদিন ছুটি নিৰ্ধাৰণ কৰিবে কৰ্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৭। ছুটিৰ পৰ্যাতি।— (১) প্ৰত্যেক কর্মচারীৰ ছুটিৰ হিসাব ইনিষ্টিউট কৃত্তক নিৰ্ধাৰিত নিয়ম ও পৰ্যাততে সংৰক্ষণ কৰা হইবে।

(২) ছুটিৰ জন্য সকল আবেদন ইনিষ্টিউট কৃত্তক নিৰ্ধাৰিত ফৰমে ও উপযুক্ত কৃত্ত্বপক্ষেৰ নিকট দাখিল কৰিতে হইবে।

(৩) আবেদনকাৰী যে কৰ্মকৰ্তাৰ অধীনে কৰ্মৰত আছেন তাহার সংগ্ৰাহিকাৰী উপযুক্ত কৃত্ত্বপক্ষ ছুটি মঞ্জুৰ কৰিতে পাৰে।

(৪) বিশেষ পৱিত্ৰিতাৰ কৰ্মকৰ্তাৰ কৰ্মকৰ্তাৰ যদি এই মহেৰ সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কৰ্মৰত কোন কর্মচারীৰ ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি আন্তৰ্গতিক মঞ্জুৰী আদেশ সাপেক্ষে, উক্ত কৰ্মচারীকে অন্ধে ১৫ দিনেৰ জন্য ছুটিতে যাইবাৰ অনৰ্মতি দিতে পাৰেন।

২৪। ছুটিকালীন বেতন।— (১) কোন কর্মচারী প্রথম বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্থ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্থ-হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

২৫। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।— ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুমতিপ্রাপ্ত তলব করা হইলে তিনি যে কর্মসূলো ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার তারিখ হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য প্রার্থনাঃ ৩১ অনুম্যানী তিনি ভ্রমণ ভাতা ও অন্যান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩০। ছুটির নগদায়ন।— (১) যে কর্মচারী অবসরভাতা, সাধারণ ভৱিষ্য তহবিল ও অবসরজনিত সূবিধাদি পরিকল্প চালু হওয়া সহেও উক্ত পরিকল্পের সূবিধা প্রহরের জন্য প্রার্থনাঃ ৫১ এর অধীন ইচ্ছা প্রকাশ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাবুরীকালে প্রাপ্ত বৎসরে প্রত্যাখ্যাত বা অভোগকৃত ছুটির ৫০% ভাগ নগদ গাবায় রূপাল্পত্তিরিত করার জন্য অনুমতি পাইতে পারেন। তবে এইরূপ রূপাল্পত্তিরিত টাকার মোট পরিমাণ তাহার বার মাসের বেতন অপেক্ষা বেশী হওয়া চালিবে না।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রার্থনাঃ (১) উল্লিখিত ছুটি নগদ টাকার রূপাল্পত্তিরিত করা যাইবে।

পঞ্চম অধ্যায়

ভ্রমণ-ভাতা, ইত্যাদি

৩১। ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা।— ইনিষ্টিউট এর কোন কর্মচারী তাহার দায়িত্ব পালনার্থ বা বদলী উপলক্ষে ভ্রমণকালে যে ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবেন উহার পরিমাণ ও সংশ্লিষ্ট বিষয়াদি এতদুদ্দেশ্যে প্রণীতব্য প্রার্থনাঃ স্বারা নির্ধারিত হইবে।

৩২। সম্মানী ইত্যাদি।— (১) ইনিষ্টিউট উহার কোন কর্মচারীকে সামরিক প্রকৃতির কোন কর্মসূলো সম্পাদনের জন্য অথবা বিশেষ মৌখিক প্রয়োজন হয় এগন নব প্রবর্তনমূলক বা গবেষণা বা উন্নয়নমূলক কর্মসূলো সম্পাদনের জন্য নগদ অর্থ আকারে বা অন্যাবিধভাবে সম্মানী বা প্রস্তুত প্রদান করিতে পারিবে।

(২) এতদুদ্দেশ্যে গঠিত কর্তৃক স্পৃহাশক্ত না হইলে উপ-প্রার্থনাঃ (১) এর অধীন কোন সম্মানী বা প্রস্তুত মঞ্জুর করা হইবে না।

৩৩। দায়িত্ব ভাতা।— কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে, তাহাকে মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব ভাতা প্রদান করা হইবে।

৩৪। উৎসর ভাতা ও বোনাস।— সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সরবরাহ জারীকৃত সরকারী আদেশ মোতাবেক ইনিষ্টিউটের কর্মচারীগণকে উৎসর ভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরীর ব্যাখ্যা

৩৫। চাকুরীর ব্যাখ্যা।— (১) প্রত্যেক কর্মচারীর চাকুরীর ব্যাখ্যা প্রথম প্রথম রক্ষণাবেক্ষণ করা হইবে এবং উক্ত ব্যাখ্যাট ইন্ডিটিউট কর্তৃক নির্ধারিত চাকুরী বিহুতে সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী এতদ্দেশ্যে কর্তৃপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার তাহার চাকুরী বিহু দেখিতে পারিবেন এবং এইরূপে দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বিহু দেখিবার সময় উহাতে কোন বিষয় ট্রাংটিপ্রণ-ভাবে লিপিবদ্ধ হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে উহা সংশোধনের জন্য পনের দিনের মধ্যে বিষয়টি লিপিতভাবে কর্তৃপ্রাপ্ত কর্মকর্তার দ্বারা গোচর করিবেন, এবং উক্ত কর্মকর্তা চাকুরী বিহুতে প্রয়োজনীয় সংশোধন করিবেন।

৩৬। বার্ষিক প্রতিবেদন।— (১) ইন্ডিটিউট ইহার কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পর্যাপ্ত প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে, এবং বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে ইন্ডিটিউট ইহার কোন নির্দিষ্ট কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাহিতে পারিবে।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিপৰ্গ মৃত্যু থাকিলে উহাতে কৈফিয়ৎ পদান কিংবা তাহার নিজেকে সংশোধনের সুযোগ দেওয়া হইবে।

সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৭। আচরণ ও শৃঙ্খলা।— (১) প্রত্যেক কর্মচারী—

(ক) এই প্রতিবানমালা মানিয়া চালিবেন;

(খ) যে বাস্তি বা বাস্তিবর্গের এখতিরার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্ম নিরোজিত রহিয়াছেন তাহার বা তাহাদের স্বার্ব সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চালিবেন, এবং

(গ) সততা, নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত ইন্ডিটিউটের চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী—

(ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশ গ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং ইন্ডিটিউট এর স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না।

(খ) তাহার অব্যবহৃত উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যানুমতি বাতিলেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীসহ তাগ করিবেন না।

- (গ) ইন্টিউটের সহিত সেনদেন রাহিয়াছে কিংবা সেনদেন থাকার সম্ভাবনা রাহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না।
- (ঘ) কোন বীমা কোম্পানীর এঙ্গেল হিসাবে কাজ করিবেন না।
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিরোজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনির্ধা হিসাবে অন্তর্ভুক্ত কোন ব্যবসায় পরিচালনা করিবেন না।
- (চ) উপর্যুক্ত কর্তৃপক্ষের প্রাৰ্ব্ব অন্তর্মুদন ব্যাতিরেকে, বাহিরের কোন অবৈত্তিনিক ব্যক্তির চাকুরী গ্রহণ করিবেন না, এবং
- (ছ) সরকার বা উপর্যুক্ত কর্তৃপক্ষের অন্তর্বোধ ব্যতীত কোন খণ্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৩) কোন কর্মচারী বোর্ড এর নিকট বা উহার কোন সদস্য এর নিকট কোন ব্যক্তিগত নিবেদন শ্লেষ করিতে পারিবেন না। কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে বোর্ড বা উহার কোন কর্মকর্তার উপর জাজনৈতিক বা অন্যান্য প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারী বা সরকারী ব্যক্তির শরণাপন হইবেন না।

(৬) কোন কর্মচারী ইন্টিউটের বিষয়াদি সম্পর্কে উপর্যুক্ত কর্তৃপক্ষের প্রাৰ্ব্ব-অন্তর্মাত্তি ব্যতীত সংবাদ পত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত কোন ঘোগাঘোগ স্থাপন করিবেন না।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগত ঝণগ্রস্ততা পরিহার করিবেন।

৩৮। দণ্ডের ভিত্তি— কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী,—

(ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন, অথবা

(খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা

(গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা

(ঘ) অদৃক্ষ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন, অথবা

(ঙ) নিম্নবর্ণিত কারণে দ্রুতি পরায়ণ হন বা ব্যক্তিসংগতভাবে দ্রুতি পরায়ণ বলিয়া বিবেচিত হন, যথা:—

(অ) তিনি বা তাহার কোন পোষ্য বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ অথবা সম্পদ বা সম্পত্তি দখলে রাখেন যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন, অথবা

(আ) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি রক্ষা না করিয়া জীবন ধাপন করেন, অথবা

(চ) চুরি, আক্ষসাই, তহশিল তসরূপ বা প্রত্যারণার দায়ে দোষী হন, অথবা

(ছ) ইন্টিটিউট বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতামূলক কোন কাষে লিপ্ত হন, বা অন্তর্গু কাষে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার ঘৰ্তসংগত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত সম্পর্ক রহিয়াছে বলিয়া সন্দেহ করার ঘৰ্তসংগত কারণ থাকে যে উক্ত অন্যান্য ব্যক্তিগণ ইন্টিটিউট বা জাতীয় নিরাপত্তা হানিকর বা নাশকতামূলক কার্য লিপ্ত রহিয়াছেন এবং সেই কারণে তাহাকে চাকুরীতে রাখা সমৰ্চীন নহে বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কৃত্পক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারে।

৩৯। দণ্ডসমূহ।— (১) এই প্রিধানের অধীনে নিম্নরূপ দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথা:—

(ক) নিম্নরূপ লঘু দণ্ড, যথা:—

(অ) তিরস্কার,

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বৰ্ধন সহিত করণ;

(ই) সাত দিনের মতু বেতনের সমপরিমাণ অথ দণ্ড।

(খ) নিম্নরূপ গুরু দণ্ড, যথা:—

(অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ;

(আ) কর্মচারীক কৃত সংঘটিত ইন্টিটিউটের আর্থিক ক্ষতির অংশ বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;

(ই) চাকুরী হইতে অপসারণ, এবং

(ট) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে অপসারিত হওয়ার ক্ষেত্রে নহে বরং চাকুরী হইতে বরখাস্ত হওয়ার ক্ষেত্রে, ভৱিষ্যতে ইন্টিটিউটের চাকুরীতে নিষ্কৃত হওয়ার অযোগ্য বলিয়া গণ্য হইবে।

৪০। ধৰ্মসাধক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।— (১) প্রিধান ৩৮(ছ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কৃত্পক্ষ—

(ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ স্বারা উক্ত আদেশে উল্লিখিত তাৰিখ হইতে তাহার প্রাপ্য কোন প্রকার ছুটিতে বাইবার জন্য নির্দেশ দিতে পারেন;

(খ) লিখিত আদেশ স্বারা তাহার বাপাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করে সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত কৰিবেন, এবং

(গ) উপ-বিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটির নিকট উক্ত কর্মচারীর বিরুদ্ধে প্রস্তাৱিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে ঘৰ্তসংগত সূযোগ প্রদান কৰিবেন:

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে কৃত্পক্ষ এই মর্মে সমৃদ্ধ হয় যে ইন্টিটিউট বা জাতীয় নিরাপত্তার স্বাধৈ তাহাকে অন্তর্গু সূযোগ প্রদান সমৰ্চীন নহে, সেক্ষেত্রে তাহাকে অন্তর্গু কোন সূযোগ প্রদান কৰা হইবে না।

(২) এই প্রতিবানের অধীন কোন কার্য ধারার তদন্ত সম্পন্ন করিবার জন্য কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মচারীর পাই মর্যাদার নিম্নে নহেন এমন তিনি জন কর্মচারীর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবেন।

(৩) উপ-প্রতিবান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগ এর তদন্ত করিয়া কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর ঘোষণা উপর ঘোষণা করিয়া মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৪১। লঘু দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।— (১) এই প্রতিবানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে যদি এইরূপ অভিহত পোষণ করে যে, তাহার বিরুদ্ধে আনন্দিৎ অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিনিকার অপেক্ষা গুরুতর দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষঃ—

(ক) অভিযুক্ত বাস্তির বিরুদ্ধে আনন্দিৎ অভিযোগসমূহ তাহাকে নির্খিতভাবে জানাইবে, এবং অভিযুক্ত বাস্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্য দিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি বাস্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য তাহাকে নির্দেশ প্রদান করিবে, এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত বাস্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে বিবেচনা করিবে এবং তিনি যদি বাস্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে বাস্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে জৃঘৃত দণ্ড প্রদান করিতে পারে যাহাতে অভিযুক্ত বাস্তিকে নির্খিতভাবে অভিযোগ সম্পর্কে অবহিত করার তারিখ হইতে হিস্টি কার্যদিবসের মধ্যে সমগ্র কার্যক্রম সমাপ্ত হয়ঃ

তবে শত্রু থাকে যে, নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার প্র্বে অভিযুক্ত বাস্তি যদি অতিরিক্ত সময়ের জন্ম আবেদন করেন, তবে কর্তৃপক্ষ, যথাযথ মনে করিলে কৈফিয়ত পেশ করার জন্য দশটি কার্য দিবস পর্যন্ত সময় ব্যাপ্তির অন্তর্মাত্র প্রদান করিতে পারিবেনঃ

আরও শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত বাস্তির পদমর্যাদার নীচে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে; এবং এইরূপ নিয়োগের ক্ষেত্রে, এই প্রতিবানের অধীন অনুমোদনবোগা সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করার জন্য উক্ত কর্মকর্তাকে নির্দেশ দিবে; কিন্তু তদন্তকারী কর্মকর্তা যদি নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তবে তিনি তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে সময় ব্যাপ্তির জন্য অনুরোধ করিবেন এবং আদেশদানকারী কর্তৃপক্ষ, অনুরোধটি বিবেচনার পর যথাযথ মনে করিলে অতিরিক্ত পনেরটি কার্যদিবসের জন্য উক্ত সময় ব্যাপ্তি মজুর করিতে পারিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পনেরটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ তৎসংজ্ঞান্ত চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন অথবা, প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন এবং এইরূপ আদেশ প্রদান করা হইলে, তদন্তকারী কর্মকর্তা উক্ত আদেশের তারিখ হইতে পনেরটি কার্যদিবসের মধ্যে এইরূপ তদন্ত সমাপ্ত করিবেন।

(৩) অধিকতর তদন্তের প্রতিবেদন প্রাপ্তির বিশিষ্টি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) অভিযন্ত বাস্তির বিবৃত্যে আনন্দ অভিযোগ সম্পর্কে তাহাকে এই প্রাবিধানের অধীনে অবহিত করার তাৰিখ হইতে বৰ্বৰ্ষাটি কার্যদিবসের মধ্যে কৃত্পক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্ৰহণ-বাধা হইলে অভিযন্ত বাস্তির বিবৃত্যে আনন্দ অভিযোগ প্ৰত্যাহত হইয়াছে এবং তদন্তস্থানে উক্ত কাৰ্যাদাৰা নিম্পণি হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং এইরূপ ব্যৰ্থতাৰ জন্য দাবী বাস্তি বা ব্যক্তিগণ কৈফিয়ত দিতে বাধা থাকিবেন, এবং উক্ত কৈফিয়ত সন্তোষজনক না হইলে, তাহার বা তাহাদেৱ বিবৃত্যে অদৃক্ততাৰ দাবৈ এই প্রাবিধানমালাৰ অধীনে কাৰ্যাদাৰা সূচনা কৰা ষাইতে পাৰে।

